অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

সাইবার নিরাপত্তা উদ্যোগগুলোতে স্টেটের বৃহৎ বিনিয়োগগুলো সম্প্রসারণ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

বৃহৎ বিনিয়োগগুলো স্থানীয় সরকারগুলোর জন্য সাইবার সুরক্ষা সম্প্রসারণ করবে, যা 2023 অর্থবছরের ঐতিহাসিক 61.9 মিলিয়ন বাজেটের বিনিয়োগের সঙ্গে যোগ হবে

স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এই প্রথম বিশেষায়িত ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল সিস্টেম অ্যাসেসমেন্ট টিম গঠন করবে

এই টিম অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো ও উৎপাদন ব্যবস্থাকে পরিষেবা ও ব্যবসায়িক কার্যক্রম বিঘ্নিত করার জন্য নকশাকৃত সাইবার হুমকি ও হামলা থেকে সুরক্ষিত রাখবে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটজুড়ে সাইবার নিরাপত্তা সমৃদ্ধকরণে সহায়তা করার জন্য 2023 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণের অংশ হিসেবে 35.2 মিলিয়ন ডলারের নতুন তহবিল ঘোষণা করেছেন, যে নিরাপত্তা সমৃদ্ধকরণের মধ্যে স্থানীয় সরকারগুলোর কাছে শেয়ারকৃত পরিষেবাগুলো সম্প্রসারণ করা অন্তর্ভুক্ত রয়েছে যেগুলো কোনো দুষ্কৃতিকারী কাজে লাগাতে পারবে এমন নিরাপত্তার ফাঁকফোকরগুলো শনাক্ত করতে সাহায্য করবে। স্টেটের বৈদ্যুতিক গ্রিডের প্রতি বিদ্যমান সাইবার হুমকির বিরুদ্ধে সুরক্ষা প্রদানের উদ্দেশ্যে সম্প্রতি গভর্নর কর্তৃক স্বাক্ষরকৃত দেশের নেতৃস্থানীয় আইনের উপর ভিত্তি করে, স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) স্টেটজুড়ে অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো ও উৎপাদন ব্যবস্থাগুলোকে সুরক্ষিত রাখতে এবং এসব সিস্টেমকে সাইবার হামলার মোকাবেলায় আরো শক্তিশালী করে তুলতে সাহায্য করার জন্য এই প্রথম একটি বিশেষায়িত ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল সিস্টেম অ্যাসেসমেন্ট টিম গঠন করবে।

"সাইবার হামলার প্রতিনিয়তা, মাত্রা ও প্রভাব বৃদ্ধি পেয়েছে, কিন্তু নিউ ইয়র্কের অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো নিরাপদ ও সুরক্ষিত রাখার জন্য আমরা সাহসী পদক্ষেপসমূহ গ্রহণ করা অব্যাহত রাখবো," **বলেছেন গভর্নর হোকল।** "ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল সিস্টেম অ্যাসেসমেন্ট টিম, রেকর্ড পরিমাণ বিনিয়োগের সঙ্গে যুক্ত হয়ে, ভৌত নিরাপত্তা এবং সাইবার নিরাপত্তা মূল্যায়ন কর্মসূচিগুলোকে সাইবার নিরাপত্তার অবস্থা উন্নত করতে ফ্যাসিলিটিগুলোকে সাহায্য করার ব্যাপারে সহায়তা করবে, যা অধিকতর নিরাপদ এবং আরো বেশি সুরক্ষিত একটি এম্পায়ার স্টেট গড়ে তুলবে।"

35.2 মিলিয়ন ডলারের এই বর্ধিত বিনিয়োগ 2023 অর্থবছরের বাজেটে গভর্নর হোকলের সাইবার নিরাপত্তা খাতে 61.9 মিলিয়ন ডলারের ঐতিহাসিক বিনিয়োগের সঙ্গে যোগ হচ্ছে। আর্থিক, জ্বালানি, পরিবহন, স্বাস্থ্যসেবা, সেমিকন্ডাক্টর, এবং অন্যান্য অতি গুরুত্বপূর্ণ খাতে নিউ ইয়র্কের নেতৃস্থানীয় অবস্থান এই স্টেটকে সাইবার হামলা এবং অন্যান্য সাইবার হুমকির লক্ষ্যে পরিণত করেছে, এবং এসব ঘটনার প্রতিনিয়ত, মাত্রা, ও প্রভাব ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। র‍্যানসমওয়্যারের আক্রমণ, যেখানে হ্যাকাররা ডাটা ও সিস্টেমকে জিম্মি করে রাখে, 2021 সালে 13 শতাংশ বৃদ্ধি পেয়েছে, এবং 2017 সাল থেকে দেশজুড়ে 3,600-এরও বেশি স্টেট, স্থানীয়, ও উপজাতীয় সরকার হামলার শিকার হয়েছে।

DHSES-এর অফিস অব কাউন্টার টেররিজম (Office of Counterterrorism) অধিবাসীদেরকে সাইবার হামলা এবং সেগুলোর প্রভাব থেকে আরো ভালোভাবে সুরক্ষিত রাখার জন্য ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল সিস্টেম (ICS) অ্যাসেসমেন্ট টিম তৈরি করবে। সংস্থাটির ভৌত নিরাপত্তা এবং সাইবার নিরাপত্তা মূল্যায়ন কর্মসূচিগুলোর পাশাপাশি কাজ করার মাধ্যমে, এই টিম জ্বালানি, পরিবহন, উৎপাদন এবং অন্যান্য অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো ব্যবস্থাকে তাদের সামগ্রিক নিরাপত্তার অবস্থা উন্নত করতে এবং তাদের ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল সিস্টেমকে সাইবার হামলার বিরুদ্ধে আরো বেশি শক্তিশালী করে তুলতে সাহায্য করবে।

নিউ ইয়র্ক স্টেটের চিফ সাইবার অফিসার কোলিন অ্যাহার্ন বলেন, "আমাদের ডিজিটাল অবকাঠামোর প্রতি হুমকিগুলো ক্রমশ বিবর্তিত হতে থাকা এবং জটিলতর হয়ে উঠার এই সময়ে, নিউ ইয়র্কবাসীদেরকে সাইবার হুমকি থেকে সুরক্ষিত রাখার জন্য সংস্থানগুলোতে বিনিয়োগ করা আমাদের জন্য আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। গভর্নর হোকলের অব্যাহত নেতৃত্ব নিউ ইয়র্কের অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোগুলো যাতে এসব হুমকি মোকাবেলায় আরো বেশি শক্তিশালী হয়ে উঠতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের প্রধান তথ্য কর্মকর্তা অ্যাঞ্জেলো "টনি" রিডিক বলেন, "গভর্নর হোকলের এগিয়ে নেওয়া সাইবার নিরাপত্তা খাতের এসব ঐতিহাসিক বিনিয়োগ গত বছর আমরা JSOC প্রতিষ্ঠা করে এবং সচেতনতা ও পদক্ষেপ গ্রহণের জন্য কার্যকর এন্ডপয়েন্ট শনাক্তকরণ প্রযুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে যে অগ্রগতি অর্জন করেছি সেটির সঙ্গে যোগ হচ্ছে, এবং সমগ্র স্টেট নিয়ে কাজ করার আমাদের পদ্ধতির সাথে সঙ্গতিপূর্ণ, যেখানে স্টেট ও স্থানীয় সরকারগুলো একসঙ্গে এসব চ্যালেঞ্জের মোকাবেলা করে থাকে। স্টেটের সিস্টেমগুলোকে অনুপ্রবেশ বা হামলার হাত থেকে সুরক্ষিত রাখার জন্য দায়িত্বশীল স্টেট সংস্থা হিসেবে, আমরা জানি যে এই হুমকি বাস্তব এবং আমরা যাতে আমাদের সম্পদগুলো আরো ভালোভাবে নিরাপদ রাখতে পারি এবং সব নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখতে পারি সে উদ্দেশ্যে এই বছর আবারো সাইবার নিরাপত্তা বৃদ্ধি করাকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্ক গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে এটির সাইবার প্রতিরক্ষা সক্ষমতা জোরদার করে তুলেছে এবং 2023 সালে এসব ঐতিহাসিক বিনিয়োগ বৃদ্ধি

পেতে থাকবে। আমাদের অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোকে আরো বেশি শক্তিশালী করে তোলা এখন আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ। আগামী বছরগুলোতে সাইবার নিরাপত্তা বৃদ্ধি করা এবং বিঘ্ন ঘটা সীমিত রাখতে, DHSES অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো পরিচালনাকারীদের সঙ্গে আমাদের অংশীদারিত্ব এগিয়ে নেওয়ার প্রত্যাশা রাখে।"

প্রস্তাবিত তহবিলটি 2024 অর্থবছরে এবং সামনের সময়গুলোতে গভর্নর হোকলের প্রথম নিউ ইয়র্ক স্টেট জয়েন্ট সিকিউরিটি অপারেশন্স সেন্টার (Joint Security Operations Center) তৈরি করার সঙ্গে যোগ হয়ে, কাউন্টি ও স্থানীয় সরকারগুলোকে সাইবার নিরাপত্তা পরিষেবাসমূহ সরবরাহ করার ক্ষেত্রেও সহায়তা করবে। এসব শেয়ারকৃত পরিষেবা কাউন্টি ও স্থানীয় সরকারগুলোকে তাদের সাইবার প্রতিরক্ষার ফাঁকফোকরগুলো মূল্যায়ন করতে এবং সেগুলোর প্রতিকার করতে সাহায্য করবে। এসব শেয়ারকৃত পরিষেবা ফেডারেল, স্টেট, সিটি ও কাউন্টি সরকার, সরকারি ও বেসরকারি মালিকানাধীন অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো, এবং ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস, অফিস অব ইনফরমেশন টেকনোলজি সার্ভিসেস (Office of Information Technology Services), নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এবং অন্যান্য সংস্থা থেকে গঠন করা সাইবার নিরাপত্তা টিমের শেয়ারকৃত সাইবার হুমকির একটি সাধারণ চিত্র নির্মাণ করার জন্য স্টেটের চলমান প্রচেষ্টার পরিপূরক হিসেবে কাজ করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418